অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো বাফালো স্কাইওয়ে করিডোর (BUFFALO SKYWAY CORRIDOR)-এর জন্য বিকল্প নক্সাগুলি অন্বেষণ করার প্রতিযোগিতার প্যানেলিস্টদের নাম ঘোষণা করেছেন

প্যানেলিস্টদের মধ্যে রয়েছে স্থাপত্য ও নকশা, নগর পরিকল্পনা ও পরিবহণ বিষয়ক স্থানীয় ও জাতীয় পর্যায়ের বিশেষজ্ঞগণ এবং সরকারি কর্মকর্তাগণ

স্টেট নকশা বিজয়ীদের 100,000 ডলার, দ্বিতীয় স্থান অধিকারীকে 50,000 ডলার এবং তৃতীয় স্থান অধিকারীকে 25,000 ডলার পুরস্কার দিবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বাফেলো স্কাইওয়ে করিডর-এর বিকল্প অন্বেষণ করার প্রতিযোগিতার বিচারে দায়িত্বপ্রাপ্ত সভাপতি ও প্যানেলিস্টদের নাম ঘোষণা করেছেন। প্যানেলের সভাপতির দায়িত্ব পালন করবেন এম্পায়ার স্টেট ডিভেলপমেন্ট (Empire State Development, ESD) কমিশনার হাওয়ার্ড জেমস্কি, এবং দশ প্যানেলিস্ট হিসেবে থাকবেন স্থাপত্য, নকশা, নগর পরিকল্পনা, পরিবহণ, ও কমিউনিটি উন্নয়ন খাতের বিশেষজ্ঞগণ এবং সরকারি কর্মকর্তাগণ।

"বাফেলো-কে এর ওয়াটারফ্রন্ট থেকে আলাদা করা স্কাইওয়েটি সেকেলে ও ভঙ্গুর অবকাঠামোয় পরিণত হয়েছে, এবং এটি বাফেলোর বর্তমান আধুনিক শহরটির অনেক পুরনো চিত্র তুলে ধরে", **গভর্নর কুওমো বলেন।** "এটির প্রতিস্থাপনে অবশ্যই নতুন চিন্তা ও সৃজনশীলতা থাকতে হবে, যার কারণে আমরা এই প্রতিযোগিতার আয়োজন করেছি যাতে দেশের সেরা নগর পরিকল্পনাবিদ, স্থপতি, ও নকশা প্রণয়ন প্রতিষ্ঠানগুলো তাদের পরিকল্পনা তুলে ধরতে প্রণোদনা দেওয়া যায় এবং আমরা বাফেলো শহরকে পুনরুজ্জীবিত করতে পারি এবং শহর ও স্টেট জুড়ে আমাদের চলমান দ্রুতগতির অর্থনৈতিক প্রবৃদ্ধিরকে কাজে লাগাতে পারি।"

"বাসার জানালা দিয়ে নিত্য স্কাইওয়েটি দেখা বাফেলোর একজন অধিবাসী হিসেবে আমি জানি যে আমরা এর চেয়ে ভালো যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে পারি যা বাফেলোর সাহসী নতুন ভাবমূর্তির সমার্থক," **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের 43North-এর মতো প্রতিযোগিতা পশ্চিম নিউইয়র্ক-কে এগিয়ে নিতে উদ্ভাবনী সমাধান বের করার কার্যকর উপায়। স্কাইওয়ে প্রতিযোগিতাটি সেই কার্যকর মডেলটি ব্যবহার করে ভবিষ্যতের জন্য নতুন নতুন ধারণা তৈরি করবে। আমাদের ওয়াটারফ্রন্ট-কে নতুন মূর্তিতে ফিরিয়ে আনতে মেধাবী এই বিশেষজ্ঞদের সহায়তায় আমাদের কমিউনিটি নতুন উদ্ভাবনী সম্ভাবনার অন্বেষণ করতে পারে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (ESD)-এর প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "স্কাইওয়ে করিডর-এর বিকল্প ও নতুন ধারণা সৃষ্টির মাধ্যমে এই প্রতিযোগিতাটি নিউইয়র্কের বিশ্বমানের মেধা তুলে ধরবে যার ফলে ওয়াটারফ্রন্ট-এর সাথে উন্নততর যোগাযোগ প্রতিষ্ঠা ও অর্থনৈতিক প্রভাব বাড়বে যা গভর্নর কুওমো'র নেতৃত্বে বাফেলোর রূপান্তরকে এগিয়ে নিবে।"

সিনেট পরিবহণ কমিটির (Senate Transportation Committee) সভাপতি সিনেটর টিম কেনেডি বলেন, "স্কাইওয়েটি তার মেয়াদের চেয়ে বেশি দিন টিকেছে এবং এটি এখন পশ্চিম নিউইয়র্কারদের পরবর্তী প্রজন্মের জন্য আমাদের ওয়াটারফ্রন্টটির উন্নয়নে বাধা হয়ে আছে। এটি অপসারণের প্রক্রিয়া শুরু হওয়ায় এবং এই দৈত্যাকার কাঠামোটি প্রতিস্থাপনের কাজ অগ্রসর হওয়ায় আমি আনন্দিত। আমরা যেসব উদ্ভাবনী ধারণা পাওয়ার আশা করছি সেগুলোর মাধ্যমে আমরা বহু একর জমি কমিউনিটিকে ফিরিয়ে দিতে পারবো বলে আশা করছি। বহু বছর ধরে পরিবর্তনের দাবী করার পর, বাফেলো'র দাবি মানা হয়েছে।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল দি. পিপলস-স্টোকস বলেন, "স্কাইওয়েটির ভাগ্য নিয়ে বছরের-পর-বছর ধরে চলা বিতর্কের পর, আমি জেনে আনন্দিত যে আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ বাফেলো ওয়াটারফ্রন্টের সাথে শহর ও শহরের অধিবাসীদের পুনঃসংযুক্ত করতে সমাধান খুঁজে পেতে গভর্নর অবশেষে সত্যিকারের কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। এই প্রতিযোগিতার ফলে সবচেয়ে মেধাবী ও সেরা নগর পরিকল্পনাবিদদের কাছ থেকে স্কাইওয়ে করিডোরের জন্য সমাধান বের করতে একটি ধারণা পাওয়ার সুযোগ তৈরি হয়েছে। আমি আমাদের নক্ষত্রময় প্যানেলটির কাছ থেকে বিজয়ী নকশা পাওয়ার জন্য মুখিয়ে আছি।"

বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "স্কাইওয়ে নকশা প্রতিযোগিতার জন্য বিচারকদের প্যানেল তৈরি করার মাধ্যমে এই সড়কটিকে 21 শতকের সংযোগ হিসেবে তৈরি এবং পরিবহণ যোগাযোগের মানোন্নয়ন ও অর্থনৈতিক উন্নয়নে বাড়তি প্রণোদনা হিসেবে এটি কিভাবে কাজ করবে তা বের করার চিন্তা গভর্নরের অত্যন্ত উদ্ভাবনী কর্মকৌশলের সমার্থক। আমি এই প্রতিযোগিতার শেষে বিজয়ী নকশাটি পেতে মুখিয়ে আছি।"

আজকের প্যানেলিস্টদের মধ্যে রয়েছেন:

- রোসানা রোসাডো, সেক্রেটারি অব স্টেট
- বায়রন ব্রাউন, বাফেলো'র মেয়র
- বব শিবলি, ডিন, ইউনিভার্সিটি এট বাফেলো স্কুল অব আর্কিটেকচার এন্ড প্ল্যানিং (University at Buffalo School of Architecture and Planning)
- হ্যাল মোর্স, নির্বাহী পরিচালক, বৃহত্তর বাফেলো নায়াগ্রা আঞ্চলিক পরিবহন পর্ষদ (Greater Buffalo Niagara Regional Transportation Council)
- ইথান কেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, প্রজেক্ট ফর পাবলিক স্পেস (Project for Public Spaces)
- লিন রিচার্ড, প্রেসিডেন্ট ও সিইও, কংগ্রেস ফর দ্যা নিউ আর্বানিজম (Congress for the New Urbanism)

- ড্যানিয়েল অ্যারিগনি, পরিচালক, লিভেবল কমিউনিটিজ, AARP (Livable Communities at AARP)
- লি ফিশার, ডিন ও জোসেফ সি. হস্টেলার-বেকারহস্টেলার চেয়ার ইন ল' (Joseph C. Hostetler-BakerHostetler Chair), ক্লিভল্যান্ড-মার্শাল কলেজ অব ল' (Cleveland-Marshall College of Law), ক্লিভল্যান্ড স্টেট ইউনিভার্সিটি (Cleveland State University)
- জেনিফার ভে, পরিচালক, অ্যান টি. এন্ড রবার্ট এম. বাস সেন্টার ফর ট্রান্সফর্মেটিভ প্লেসমেকিং (Anne T. and Robert M. Bass Center for Transformative Placemaking), এবং সিনিয়র ফেলো, মেট্রোপলিটান পলিসি প্রোগ্রাম, ব্রুকিংস ইন্সটিটিউশন (Brookings Institution)
- কালভিন গ্ল্যাডনি, প্রেসিডেন্ট ও সিইও, স্মার্ট গ্রোথ আমেরিকা (Smart Growth America)

ফেব্রুয়ারিতে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 2020 অর্থবছরের বাজেটে স্কাইওয়ে করিডোর-এর বিকল্পের জন্য সেরা ধারণা খুঁজে পেতে জাতীয় নকশা প্রতিযোগিতাটি অন্তর্ভুক্ত করা হয়েছে। ছয়-মাসব্যাপী এই প্রতিযোগিতায় নকশা প্রণয়নকারী প্রতিষ্ঠানসমূহ, কমিউনিটি পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনাবিদ, স্থপতি ও অন্যান্যদের কাছ থেকে ধারণা চাওয়া হবে যা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক পর্যালোচনার পর একটি নকশাকে বিজয়ী হিসেবে বেছে নেওয়া হবে। বিচারকগণ যে বিষয়গুলি বিবেচনা করবেন তার মধ্যে থাকবে সংশ্লিষ্ট প্রস্তাবটির ব্যয়, ট্র্যাফিক প্যাটার্নের উপর এর প্রভাব, এবং এর বাস্তবায়নের সময়সীমা। বিজয়ী প্রস্তাবটি তাদের নকশার জন্য 100,000 ডলার পাবে, দ্বিতীয় স্থান অধিকারী পাবে 50,000 ডলার এবং তৃতীয় স্থান অধিকারীকে 25,000 ডলার পুরস্কার দেওয়া হবে।

স্কাইওয়ে করিডোরের বর্তমান নক্সা কার্যত অচল, কাঠামোগতভাবে অপর্যাপ্ত এবং যাত্রীদের মধ্যে জনপ্রিয় নয়। বর্তমানে, একমাত্র বিকল্প হল 60-বছরের পুরনো স্কাইওয়ে করিডোরটি আবার তৈরি করা যা এমন একটি কাঠামো যা আজ আর কখনই নির্মাণ করা যাবে না। প্রতিযোগিতার মাধ্যমে স্কাইওয়ে করিডোরটির বিকল্প অন্বেষণ করা হবে যা বসবাসকারীদের জন্য ওয়াটারফ্রন্টে যাতায়তের পথ সুগম করবে, অর্থনৈতিক উন্নয়নের সুযোগ বৃদ্ধি করবে এবং গাড়ীর চালকদের জন্য নিরাপদ এবং সুবিধাজনক পরিবহণ ব্যবস্থা প্রদান করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন